



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক  
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজশাহী - ৬২০৮, বাংলাদেশ।  
(Tel: ০৮৮-০২৫৮৮৮-৬৬৭৮৯, Fax: ০৮৮-০২৫৮৮৮-৬৭১০৫)

স্মারক নং- ৪৫০৫

তারিখঃ ৯ আষাঢ়, ১৪২৯  
২৩ জুন, ২০২২

-৪ বিজ্ঞপ্তি :-

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৫ জুন, ২০২২ খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা পদ্মা সেতু শুভ উদ্বোধন করবেন। পদ্মা সেতু একদিকে যেমন আমাদের আবেগ-অনুভূতি আর স্বপ্নের প্রতিফলন অপরদিকে নিজস্ব অর্থায়নে একটি বিশ্বমানের বৃহৎ প্রকল্প বাস্তবায়নের সক্ষমতার স্বাক্ষর বহন করে। বঙ্গবন্ধুর স্বপ্ন আজ তার সুযোগ্য কন্যার হাতধরে বাস্তবায়িত হচ্ছে। দেশের প্রতিটি মানুষ সে স্বপ্ন বাস্তবায়নের গর্বিত সারথী। এ ঐতিহাসিক ক্ষণটিকে স্ব-প্রাণে স্মরণীয় করে রাখার জন্য রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় নিম্নবর্ণিত কর্মসূচী গ্রহণ করেছে। এ ব্যাপারে সকলের অংশগ্রহণ ও সহযোগিতা করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

কর্মসূচীঃ

- ক) আনন্দ র্যালিঃ সকাল ৯.৪৫ ঘটিকা (স্থানঃ প্রশাসনিক ভবন)। অংশগ্রহনে ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
- খ) মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ ও উদ্বোধনী অনুষ্ঠান উপভোগঃ সময় সকাল ১০.০০ ঘটিকা (স্থান রংয়েট অডিটোরিয়াম)। অংশগ্রহনে ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

উক্ত অনুষ্ঠানটি সাফল্যমণ্ডিত করার জন্য ২৫/০৬/২০২২ তারিখে সকাল ৮.০০ ঘটিকা হতে ৯.৪০ ঘটিকা পর্যন্ত সকল বিভাগের ক্লাসসমূহ চলমান থাকবে এবং ৯.৪০ ঘটিকা হতে দুপুর ১.২০ ঘটিকা পর্যন্ত ক্লাসসমূহ বিরতি থাকবে। দুপুর ২.৩০ ঘটিকা হতে ক্লাসসমূহ চলতে থাকবে। উল্লেখ্য যে, উক্ত দিনে পরীক্ষাসমূহ যথারীতি চালু থাকবে।

আদেশক্রমে,

(প্রফেসর ড. মোঃ সেলিম হোসেন)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

তারিখঃ ৯ আষাঢ়, ১৪২৯  
২৩ জুন, ২০২২

স্মারক নং- ৪৫০৫/৫০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান :-

- ১। সকল ডীন / বিভাগীয় প্রধান / পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল হল প্রভোষ্ট / শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। প্রেস ও পাবলিকেশন শাখা / সেন্ট্রাল কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল নোটিশ বোর্ড ও উহার হলসমূহ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সংরক্ষণ নথি।
- ৬। নথি।

স্বাক্ষরিত/-

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।